

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৯৯
ধর্মনগর, ২৭ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
ধর্মনগর মহকুমায় ভোটকর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত ধর্মনগর মহকুমার ৫৪-কদমতলা-কুর্তি, ৫৫-বাগবাসা, ৫৬-ধর্মনগর এবং ৫৭-যুবরাজনগর এই চারটি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে যুক্ত ভোটকর্মীদের প্রথম পর্যায়ের দু'দিনের নির্বাচনী মহড়া আজ শেষ হয়েছে। ধর্মনগরের সরকারি বালিকা বিদ্যালয়ে গতকাল প্রিসাইডিং অফিসার ও ফাস্ট পোলিং অফিসারদের মহড়া অনুষ্ঠিত হয়। আজ সেকেন্ড পোলিং, থার্ড পোলিং ও চতুর্থ শ্রেণীর কর্মীদের নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। এই নির্বাচনী মহড়ায় এই চারটি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের সহকারি রিটার্নিং অফিসার ধর্মনগরের অতিরিক্ত মহকুমা শাসক সজল দেবনাথ, জেলাশাসক কার্যালয়ের সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট কমলেশ ধর, ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।
